

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রকল্প পরিচালকের কার্যালয়
SMoDMRPA প্রকল্প
বাড়ি নং-২১৩ (৪র্থ তলা), লেক রোড নং-১৩
মহাখালী DOHS, ঢাকা-১২০৬।
www.snsp.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০১৯.০২.১৩২.১৫ (অংশ-২)- ৩৬৭

তারিখঃ ২৯/০৯/২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ অফিস আনুষ্ঠানিক খরচের বিল প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন Strengthening of the Ministry of Disaster Management and Relief Program Administration (SMoDMRPA) প্রকল্পের উপসহকারী প্রকৌশলীগণের প্রতি মাসের বেতনের সাথে অফিস আনুষ্ঠানিক খরচ বাবদ ২,০০০/- টাকা প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি উক্ত বছরের ২০২২-২৩ অর্থ বছরের বিল ভাউচার অধিকাংশ উপজেলা হতে পাওয়া যায়নি। উল্লেখ্য যে, ইতোমধ্যে যে সকল উপসহকারী প্রকৌশলীগণ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পদে পদায়ন করা হয়েছে তাঁদের কোন বিল ভাউচার অত্র প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়নি।

এমতাবস্থায়, উপসহকারী প্রকৌশলীগণ ও উপসহকারী প্রকৌশলী হতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পদে পদায়নকৃতদের আগামী ২৭ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে মূল বিল ভাউচার (ট্রেজারী চালানসহ) প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

খরচের বিবরণ নিম্নরূপঃ

- ১। ইন্টারনেট বাবদ-৮০০/-
- ২। স্টেশনারী বাবদ-১,২০০/- (ভ্যাট-৭.৫% এবং আয়কর-৩% জমার ট্রেজারী চালান)।


উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/উপসহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট)

উপজেলাঃ.....।

জেলাঃ.....।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ....., জেলাঃ.....।
- ২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,
- ৩। অফিস কপি/সংরক্ষণ নথি।


ড. মোঃ মনিরুজ্জামান
(অতিরিক্ত সচিব)
প্রকল্প পরিচালক
SMoDMRPA প্রকল্প
ফোনঃ ০২-২২২২৯০৩৬০